

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার সদর,  
মৌলভীবাজার



সহকারী প্রোগ্রামার এর দপ্তর

doict.moulvibazarsadar.moulvibazar.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৫৮৭৪.০০১.১৬.০০৩.১৯.১

তারিখ: ২০ চৈত্র ১৪২৭

০৩ এপ্রিল ২০২১

বিষয়: **আপ্তাবউদ্দিন উচ্চ বিদ্যালয় এর শেখ রাসেল ডিজিটাল ল্যাবের একটি ল্যাপটপ ও নিজস্ব একটি প্রজেক্টর চুরি সংক্রান্ত**

সূত্র: আপ্তাবউদ্দিন উচ্চ বিদ্যালয় এর স্মারক নং-২২৬০১ ; তারিখ : ১০ /০৩ /২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১০/০৩/২০২১ তারিখে আপ্তাবউদ্দিন উচ্চ বিদ্যালয় এর প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) এর প্রেরিত পত্রের মাধ্যমে বলা হয় যে, স্কাউট জাম্বুরি কার্যক্রম ১৬/০১/২১ খ্রি: থেকে ২০/০১/২১ খ্রি: পর্যন্ত বাস্তবায়নের লক্ষ্যে অত্র বিদ্যালয়ের ভেন্যু হিসাবে ব্যবহারের জন্য বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি (উপজেলা নির্বাহী কর্মকর্তা) সম্মতি জ্ঞাপন করেন। কার্যক্রমের শুরুতে শেখ রাখেল ডিজিটাল ল্যাবের একটি ল্যাপটপ ও বিদ্যালয়ের নিজস্ব একটি প্রজেক্টর তাদেরকে দেওয়া হয়। কার্যক্রম শেষে উক্ত জিনিসগুলো জাম্বুরি কার্যক্রম পরিচালক পার্শ্বে কাজিরবাজার সরকারী প্রাথমিক বিদ্যালয়ে রেখে যান। পরবর্তীতে ০৮/০২/ ২০২১ খ্রি: প্রাথমিক বিদ্যালয়ের অফিস কক্ষে চুরি হয়। ঐ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের তথ্যমতে আপ্তাবউদ্দিন উচ্চ বিদ্যালয় এর প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) জানতে পারেন যে, আপ্তাবউদ্দিন উচ্চ বিদ্যালয় এর শেখ রাসেল ডিজিটাল ল্যাবের একটি ল্যাপটপ ও স্কুলের নিজস্ব একটি প্রজেক্টর চুরি হয়ে গেছে। পরে ঐ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পক্ষ থেকে কাজিরবাজার থানায় ০৮/০২/২০২১ খ্রি: একটি অভিযোগ পত্র দাখিল করা হয়। বিষয়টি সুষ্ঠুভাবে সমাধানের লক্ষ্যে সরেজমিনে তদন্তক্রমে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রদান একান্ত জরুরী। সরেজমিনে তদন্তক্রমে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রদান এর জন্য জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার সদরকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নোক্ত স্বাক্ষরকারীর নিকট নিম্নোলিখিত শর্তানুযায়ী সরেজমিনে তদন্তক্রমে সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

১। স্কাউট জাম্বুরির প্রোগ্রাম শেষে ল্যাপটপ ও প্রজেক্টর কোথায় ছিলো এবং কার তত্ত্বাবধানে ছিলো ?

২। আপ্তাবউদ্দিন উচ্চ বিদ্যালয় এর পক্ষ থেকে ল্যাপটপ ও প্রজেক্টর স্কাউট জাম্বুরির প্রোগ্রাম শেষে ফেরত চাওয়া হয়েছিল কিনা?

৩। কাজিরবাজার প্রাথমিক বিদ্যালয়ের পক্ষ থেকে স্কাউট জাম্বুরির প্রোগ্রাম শেষে ল্যাপটপ ও প্রজেক্টর ফেরত দিতে বিলম্ব করেছে কেন?

৩-৪-২০২১

শরিফুল ইসলাম

উপজেলা নির্বাহী অফিসার

বিতরণ :

১) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত),

২) প্রধান শিক্ষক, কাজিরবাজার সরকারী প্রাথমিক  
বিদ্যালয়

স্মারক নম্বর: ৫৬.০৪.৫৮৭৪.০০১.১৬.০০৩.১৯.১/১(৫)

তারিখ: ২০ চৈত্র ১৪২৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
- ৩) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার
- ৪) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
- ৫) অফিস কপি



৩-৪-২০২১

মোঃ জাহাঙ্গীর আলম

সহকারী প্রোগ্রামার